ভয় না করিয়া জলে ঝাঁপাইয়া পড়িবেন, তিনিই অধিকারী। সেই প্রকার শ্রীহরিনামেও অধিকারগত কোন বিচার নাই; যিনি ইচ্ছা করিয়া আলস্য না করিয়া শ্রীনাম করিবেন, তিনিই অধিকারী। ২৬৯ ॥

ইয়ঞ্চ কীর্ত্তনাখ্যা ভক্তির্ভগবতো দ্রব্যজাতিগুণক্রিয়াভির্দীনজনৈকবিষয়াপার-করুণাময়ীতি শ্রুতিপুরাণাদি বিশ্রুতিঃ। কলৌ চ দীনত্বং যথা ব্রহ্মবৈবর্ত্তে—অতঃ কলৌ তপোযোগবিদ্যাযজ্ঞাদিকাঃ ক্রিয়াঃ। সাঙ্গা ভবন্তি ন কৃতাঃ কুশলৈরপি দেহিভিরিতি। অতএব কলৌ স্বভাবত এবাতিদীনেষু লোকেষ্বাবির্ভূয় তাননায়াসে-নৈব তত্তদ্যুগগতমহাসাধনানাং সর্ব্বমেব ফলং দদানা সা কৃতার্থয়তি। যত এব তয়ৈব কলৌ ভগবতো বিশেষতশ্চ সন্তোষো ভবতি। তথা চৈবোক্তমং লোকে তপঃ শ্রীহরি-কীর্ত্তনম্। কলৌযুগে বিশেষেণ বিষ্ণুপ্রীত্যৈ সমাচরেৎ ॥ ইতি স্কান্দচাতুর্ম্মাস্যমাহাত্ম্য-বচনানুসারেণ। তদেবমাহ কৃতেযদ্ধ্যায়তো বিষ্ণুং ত্রেতায়াং যজতো মখৈঃ। দ্বাপরে পরিচর্য্যায়াং কলৌ তদ্ধরিকীর্ত্তনাৎ ॥ ২৭০ ॥

যৎ যৎ কৃতাদিষু তেন তেন সাধনেন স্যাৎ তৎ সর্ব্বং কলৌ হরিকীর্ত্তনাদ্ ভবতীতি। অন্যত্র চ—ধ্যায়ন্ কৃতে যজন্ যজ্ঞৈস্ত্রেতায়াং দ্বাপরেঽর্চ্চয়ন্। যদাপ্নোতি তদাপ্নোতি কলৌ সঙ্কীর্ত্ত্য কেশবমিতি ॥ ১২।৩ ॥ শ্রীশুকঃ ॥ ২৭০ ॥

এই কীর্ত্তনাঙ্গভক্তি, দ্রব্য, জাতি, গুণ ও ক্রিয়া দ্বারা সর্ব্বপ্রকারে যে জন দীন অর্থাৎ অযোগ্য, কেবল তাহাদের প্রতি শ্রীভগবানের অপার করুণাময়ী। অর্থাৎ যাহার দ্রব্য, জাতি, গুণ, ক্রিয়া প্রভৃতি বিষয়ে কিছুই যোগ্যতা নাই, এই কীর্ত্তনাঙ্গভক্তি তাহার বিষয়ে শ্রীভগবানের অপার করুণায় আবির্ভাব করাইয়া দেয়। এ বিষয়টি শ্রুতিপুরাণাদি হইতে বিশেষরূপে জানিতে পারা যায়। অথচ কলিযুগে মানবমাত্রের দীনত্ব স্বাভাবিক। ব্রহ্মবৈবর্ত্তপুরাণে উল্লেখ দেখা যায়—

অতঃ কলৌ তপোযোগবিদ্যাযজ্ঞাদিকাঃ ক্রিয়াঃ।
সাঙ্গা ভবন্তি ন কৃতাঃ কুশলৈরপি দেহিভিঃ ॥

অতএব কলিযুগে তপস্যা, যোগ, বিদ্যা ও যজ্ঞ প্রভৃতি ক্রিয়াকর্ম্মসুনিপুণ মানবগণ কর্ত্তৃক অনুষ্ঠিত হইলেও অঙ্গের পূর্ণতা প্রাপ্ত হয় না। অতএব কলির মানুষ স্বভাবতঃই অতিশয় দীন। সেই সকল দীনজনে শ্রীকীর্ত্তনাঙ্গ-ভক্তি আবির্ভূতা হইয়া সত্যাদি যুগের যে সকল মহাসাধন উল্লিখিত আছে, সেই সকল সাধনের মহাফল অনায়াসে প্রদান করিয়া শ্রীনামকীর্ত্তনকারী-জনকে কৃতার্থ করিয়া থাকেন। যেহেতু কীর্ত্তনাঙ্গভক্তির দ্বারাই শ্রীভগবান পরম সন্তুষ্ট হয়েন। অতএব সেই সেই সত্যাদি যুগগত নিখিল সাধনের ফল এক কীর্ত্তনের দ্বারাই লাভ হইয়া থাকে। যেহেতু শ্রীভগবৎসন্তোষই নিখিল